

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা।
www.dyd.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫৪.০০১.২৪.১৭৪

বিষয়: ঋণ কার্যক্রম বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ১২তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৪.০০.০০০০.০৬০.০৪.০০১.১১(অংশ-২) -২২৪, তারিখ ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৫/০৯/২০২৪ খ্রি, তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ১২তম সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

নং	বিষয়	সিদ্ধান্ত													
০১	আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির সিলিং বৃদ্ধি	আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির সিলিং নিম্নবর্ণিত হারে বৃদ্ধি করা হলো- <table><tr><th>ড্রেড</th><th>দফা</th><th>ঋণের পরিমাণ</th></tr><tr><td rowspan="2">অপ্রাতিষ্ঠানিক</td><td>১ম</td><td>সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা</td></tr><tr><td>২য়</td><td>সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা</td></tr><tr><td rowspan="2">প্রাতিষ্ঠানিক</td><td>১ম</td><td>সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা</td></tr><tr><td>২য়</td><td>সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা</td></tr></table>	ড্রেড	দফা	ঋণের পরিমাণ	অপ্রাতিষ্ঠানিক	১ম	সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা	২য়	সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা	প্রাতিষ্ঠানিক	১ম	সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা	২য়	সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা
ড্রেড	দফা	ঋণের পরিমাণ													
অপ্রাতিষ্ঠানিক	১ম	সর্বোচ্চ ১.০০ লক্ষ টাকা													
	২য়	সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা													
প্রাতিষ্ঠানিক	১ম	সর্বোচ্চ ১.৫০ লক্ষ টাকা													
	২য়	সর্বোচ্চ ২.০০ লক্ষ টাকা													
০২	আত্মকর্মসংস্থান ঋণের দফা কমানো এবং ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধিকরণ	ক. অধিক সংখ্যক যুবকে ঋণ সুবিধার আওতায় আনার লক্ষ্যে আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচির আওতায় একজন প্রশিক্ষিত যুব-কে বিদ্যমান তিন দফায় ঋণ প্রদানের পরিবর্তে দুই দফায় প্রদান করতে হবে; খ. ঋণ পরিশোধের মেয়াদ নিম্নবর্ণিত হারে নির্ধারণ করতে হবে- <table><tr><th>বিবরণ</th><th>ঋণ পরিশোধের সময়</th></tr><tr><td>১.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৩৬ মাস</td></tr><tr><td>১.০১ লক্ষ থেকে ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৪২ মাস</td></tr><tr><td>১.৫১ লক্ষ থেকে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৪৮ মাস</td></tr></table>	বিবরণ	ঋণ পরিশোধের সময়	১.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৩৬ মাস	১.০১ লক্ষ থেকে ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪২ মাস	১.৫১ লক্ষ থেকে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪৮ মাস					
বিবরণ	ঋণ পরিশোধের সময়														
১.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৩৬ মাস														
১.০১ লক্ষ থেকে ১.৫০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪২ মাস														
১.৫১ লক্ষ থেকে ২.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪৮ মাস														
০৩	যুব উদ্যোক্তা ঋণ	ক. যুব উদ্যোক্তা ঋণের সিলিং সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা উন্নীত করা হলো। খ. ঋণ পরিশোধের মেয়াদ নিম্নোক্তভাবে নির্ধারণ করতে হবে- <table><tr><th>বিবরণ</th><th>ঋণ পরিশোধের সময়</th></tr><tr><td>৩.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৩৬ মাস</td></tr><tr><td>৩.০১ লক্ষ থেকে ৪.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৪২ মাস</td></tr><tr><td>৪.০১ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত</td><td>সর্বোচ্চ ৪৮ মাস</td></tr></table> গ. মঞ্জুরীকৃত ঋণের অর্থ একটি একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিতরণ করতে হবে; ঘ. আত্মকর্মসংস্থান ঋণের ন্যায় সারা দেশে ১০টি ইউনিট থানা কার্যালয় এবং ৪৯৫টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে যুব উদ্যোক্তা ঋণ বাস্তবায়ন করতে হবে।	বিবরণ	ঋণ পরিশোধের সময়	৩.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৩৬ মাস	৩.০১ লক্ষ থেকে ৪.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪২ মাস	৪.০১ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪৮ মাস					
বিবরণ	ঋণ পরিশোধের সময়														
৩.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৩৬ মাস														
৩.০১ লক্ষ থেকে ৪.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪২ মাস														
৪.০১ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত	সর্বোচ্চ ৪৮ মাস														

নং	বিষয়	সিদ্ধান্ত
----	-------	-----------

০৪.	পরিবার-ভিত্তিক ঋণ কর্মসূচির কেন্দ্র গঠনে গ্রুপ সংখ্যা কমানো	ক. কেন্দ্র গঠন: সমতলে ৫ সদস্য বিশিষ্ট ৪-৬টি গ্রুপ নিয়ে এবং পার্বত্য এলাকায় ৩-৫টি গ্রুপ নিয়ে কেন্দ্র গঠন করতে হবে; খ. ঋণের দফা: তিন দফার পরিবর্তে দুই দফায় ঋণ প্রদান করতে হবে; গ. ঋণের সিলিং - প্রথম দফায় সদস্যপ্রতি ৩০ হাজার টাকা এবং দ্বিতীয় দফায় ৪০ হাজার টাকা নির্ধারণ করা হলো; ঘ. ঋণ পরিশোধের মেয়াদ- ০২ (দুই) বছর নির্ধারণ করা হলো; ঙ. ঋণ আদায় পদ্ধতি- বিতরণকৃত ঋণ ৫০টি সমান কিস্তিতে পাক্ষিকভিত্তিতে আদায় করতে হবে। ৫১তম এবং ৫২ তম কিস্তিতে প্রাপ্য সার্ভিস চার্জ আদায় করতে হবে ;
০৫.	গ্রেস পিরিয়ড বৃদ্ধিকরণ	নিম্নোক্ত হারে গ্রেস পিরিয়ড নির্ধারণ করতে হবে- আত্মকর্মসংস্থান ঋণ: সর্বোচ্চ ৬ মাস উদ্যোক্তা ঋণ: সর্বোচ্চ ৬ মাস পরিবারভিত্তিক কর্মসংস্থান ঋণ: সর্বোচ্চ ৩ মাস
০৬.	ঋণ বিতরণের শর্ত সহজীকরণ	ঋণ প্রাপ্তির আবেদন: প্রশিক্ষণ গ্রহণের ৫ বছর পর পর্যন্ত ঋণ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবে।
০৭.	ঋণ কার্যক্রমের ব্যাংক হিসাব সংরক্ষণ ও পরিচালনা:	ক. ঋণ কার্যক্রম বাস্তবায়নে বিদ্যমান চলতি হিসাবটি বন্ধ করতে হবে; খ. মূলধন জমা হিসাব থেকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে; গ. সঞ্চয় তহবিল থেকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ঋণীর সঞ্চিত টাকা ফেরত প্রদান করতে হবে; ঘ. ঋণ কার্যক্রম পরিচালনার ৩টি হিসাব (মূলধন জমা হিসাব, প্রবৃদ্ধি বহির্ভূত সার্ভিস চার্জ জমা হিসাব এবং সঞ্চয় জমা হিসাব) SND হিসাবে রূপান্তর করতে হবে।
০৮.	ঋণের আদায়কৃত সার্ভিস চার্জ বিভাজনের হিসাব সহজীকরণ	ক. প্রবৃদ্ধি বহির্ভূত সার্ভিস চার্জের অংশ হিসেবে প্রশাসনিক ব্যয় তহবিল নামে অংশ বন্ধ করতে হবে; খ. আদায়কৃত সার্ভিস চার্জ নিম্নোক্ত হারে বিভাজন এবং হিসাব সংরক্ষণ করতে হবে- আদায়কৃত সার্ভিস চার্জের ৭৫% প্রবৃদ্ধি, ২০% ঝুঁকি তহবিল এবং ৫% কর্মীপুরস্কার তহবিল হিসেবে ব্যবহার করতে হবে।
০৯.	ঋণের ঝুঁকি তহবিলে সংরক্ষিত অর্থ ব্যবহার সংক্রান্ত:	ক. মৃত্যুজনিত কারণে ঋণীর অনাদায়ী আসল উপজেলা ঋণ অনুমোদন ও পর্যালোচনা কমিটি এবং জেলা ঋণ কমিটির সুপারিশের আলোকে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তরের অনুমোদনক্রমে সংরক্ষিত ঝুঁকি তহবিল থেকে সমন্বয় করা যাবে; খ. প্রতিবছর কতজন মৃত ঋণীর অনাদায়ী আসল কত টাকা মৃত্যুজনিত ঝুঁকি তহবিল থেকে সমন্বয় করা হয়েছে তার প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২। এমতাবস্থায়, মাঠ পর্যায়ে উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০-০৯-২০২৪

ড. গাজী মোঃ সাইফুজ্জামান

মহাপরিচালক (গ্রেড-১)

০২-২২৩৩৮৯৩৮৯

dg@dyd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা এবং

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, -----(সকল) উপজেলা, ----- জেলা।

১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫৪.০০১.২৪.১৭৪/১ (৮)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
- ২। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল);
- ৩। জেলা প্রশাসক, ----- (সকল) জেলা;
- ৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
- ৫। উপসচিব, ক্রীড়া-২ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল) উপজেলা ----- জেলা;
- ৭। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর এবং
- ৮। স্টাট লিপিকার, মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর।



৩০-০৯-২০২৪
মারজিয়া সরকার
সহকারী পরিচালক